

জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুল ইসলাম: কচুক্ষেতের ঘটনা হালকাভাবে দেখার সুযোগ নেই

written by Chandradip News24 | November 1, 2024

পটুয়াখালী প্রতিনিধি::রাজধানীর কচুক্ষেতে পোশাক শ্রমিকদের বিক্ষোভে সেনাবাহিনী ও পুলিশের গাড়িতে আগুনের ঘটনাকে হালকাভাবে দেখার সুযোগ নেই বলে মনে করেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুল ইসলাম।

বৃহস্পতিবার সকালে মিরপুরে গার্মেন্টস শ্রমিক বিক্ষোভের মধ্যে সেনাবাহিনী ও পুলিশের গাড়িতে অগ্নিসংযোগের ঘটনাকে কেন্দ্র করে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে দেয়া এক স্ট্যাটাসে তিনি এ কথা বলেন।

ডা. শফিকুল ইসলাম বলেন, “শ্রমিকদের যদি কোনো ন্যায্য দাবি-দাওয়া থাকে তাহলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ন্যায্যতার ভিত্তিতে সমাধান করবেন। কিন্তু বিক্ষোভকালে সেনাবাহিনী এবং পুলিশের গাড়িতে অগ্নিসংযোগ বিশেষ কোনো উদ্দেশ্য সাধনের লক্ষ্যে হয়ে থাকে, তাহলে বিষয়টি হালকাভাবে দেখার কোনোই সুযোগ নেই।”

এর আগে, রাজধানীর মিরপুর-১৪ এর কচুক্ষেত এলাকায় সকালে ডায়না গার্মেন্টসের শ্রমিকরা বকেয়া বেতনসহ বিভিন্ন দাবিতে সড়কে নেমে বিক্ষোভ শুরু করেন। শ্রমিকরা ইট পাটকেল ছুড়তে থাকে। আত্মরক্ষায় পুলিশ লাঠিচার্জ করলে শ্রমিকরা সেনাবাহিনীর গাড়ি ও পুলিশের লেগুনা ভাঙচুর করে আগুন ধরিয়ে দেয়।

এই ঘটনায় দুই শ্রমিক গুলিবিদ্ধ হন এবং আহতদের ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে নেয়া হয়। পরিস্থিতি কিছুটা নিয়ন্ত্রণে রয়েছে বলে জানান ভাষানটেক থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ মোহাম্মদ ফয়সাল।